খণ্ড 29
Dekalb County School District পরিবারকে শুভেচ্ছা,

আমাদের স্কুল খোলা নিয়ে আমরা আনন্দিত ও আমরা হাইব্রিড লার্নিং নিয়ে সামঞ্জস্য করলেও, আমাদের স্টেট ও দেশ জুড়ে যা ঘটেছে তা আমাদের পক্ষে উপেক্ষা করা কঠিন। অনেকের মতো আমারও 16 মার্চ আটলান্টা ও চেরোকি কাউন্টিতে যা ঘটেছে তাতে খুবই মন খারাপ হয়েছে। মানুষের প্রতি সহিংসতা এবং ঘৃণার উত্থান গ্রহণযোগ্য নয় এবং এটি সহ্য করা যায় না। DeKalb County School District (DCSD) সকল প্রকার ঘৃণা, বর্ণবাদ, এবং সহিংসতার বিরুদ্ধে এবং আমাদের চিন্তাভাবনা এশীয় ও প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জের কমিউনিটির ক্ষেত্রেও একই।

আমরা হলাম বৈচিত্র্যময় স্কুল ডিস্ট্রিক্ট এবং আমরা সেই সুন্দর বৈচিত্র্য প্রতিটি উপায়ে পালন করি। কয়েকজনের ভুলের জন্য আমাদের উচিত নয় এই গুরুত্বপূর্ণ গুণ নষ্ট করা। Dr. Martin Luther King Jr. একসময় বলেছিলেন, "এক জায়গায় অন্যায় মানে সব জায়গাতেই ন্যায় ঝুঁকির মুখে।" সমস্ত DCSD শিক্ষার্থী ও কর্মীদের সুরক্ষা ও মানসিক সুস্থতা আমাদের কাছে সবথেকে বেশি গুরুত্বপূর্ণ।

## কোভিড-19 টিকা ও পরীক্ষা

আমরা আনন্দের সঙ্গে জানাচ্ছি যে DeKalb Board of Health (BOH) Elizabeth Andrews High School-এ কর্মীদের জন্য 20 মার্চ একটি টিকাদান ক্লিনিকের ব্যবস্থা করবে। এই অনুষ্ঠানে BOH কমপক্ষে প্রায় 1,250 শিক্ষক ও কর্মীকে টিকাদান করতে পারে। সমস্ত কর্মীকে অনুরোধ করা হচ্ছে যে সম্ভব হলে তারা যেন তাদের "dekalbschoolsga.org" ইমেল অ্যাড্রেস দিয়ে অনুষ্ঠানে রেজিস্টার করে। যেহেতু এটি DCSD-এর জন্য অসরকারি অনুষ্ঠান, তাই আমরা চাই যে যোগ্য অন্যান্য ব্যক্তিরা যেন এই অনুষ্ঠানে রেজিস্টার না করেন। কীভাবে রেজিস্টার করবেন সেই সম্পর্কে আরো তথ্যের জন্য দয়া করে আপনার ডিস্ট্রিক্টের ইমেল দেখুন।

DeKalb County School District কর্মী এবং পরিবারদেরকে কোভিড-19 পরীক্ষা করানোর জন্য ফ্রি কোভিড টেস্টিং সেন্টারগুলির সাথে অংশীদারিত্ব করেছে। সোমবার, মঙ্গলবার এবং বুধবার 11 a.m. থেকে 5 p.m পর্যন্ত Cross Keys High School-এ এবং মঙ্গলবার, বুধবার এবং বৃহস্পতিবার 7 a.m. থেকে 1 p.m পর্যন্ত শিক্ষক ও কর্মী সদস্যদের পরীক্ষা করানো হবে।

স্কুল সেমিস্টারের শেষ পর্যন্ত সময়সীমা বাড়ানো হবে। অ্যাপয়েন্টমেন্ট স্থির করতে, www.freecovidtesting.us-এ যান। আপনার অ্যাপয়েন্টমেন্টের সময় স্থির করতে ও স্কুলের অবস্থান বেছে নিতে 'Quick Registration' বেছে নিন।

## ফিল্ড ডে

DCSD ফিল্ড ডেতে অঞ্চল IV এর লিডারদের সঙ্গে অসাধারণ সময় কাটিয়েছি। Stone Mountain Elementary School-এর লিডারশিপ টিমের সঙ্গে ভার্চুয়াল মাধ্যমে সাক্ষাত করার এবং Indian Creek Elementary School-এর ছোট গ্রুপ নির্দেশনা পর্যবেক্ষণ করার এবং Champion Theme

Middle School-এ স্বল্পমেয়াদী কর্ম পরিকল্পনা (Short-Term Action Plan, STAP) দেখার সুযোগ ছিল।

অঞ্চল IV আমাদের শিক্ষার্থীদের মান সম্মত শিক্ষা প্রদান নিশ্চিত করতে ও লক্ষ্য স্থির করতে অসাধারণ কাজ করছে। আমি আমাদের শিক্ষার্থীদের প্রতি অন্তর্বর্তীকালীন আঞ্চলিক সুপারিনটেনডেন্ট Sean Tartt-এর দায়বদ্ধতার জন্য তাঁকে ধন্যবাদ জানাতে চাই।

7 দিনের ফ্রোজেন মিল বক্স

DCSD-এর 18 বছর ও তার কম বয়সী সমস্ত শিক্ষার্থীরা এখন ফল ও সবজির সঙ্গে 7 দিনের ফ্রোজেন মিল বক্স পাবেন। বুধবার 11 a.m. থেকে 2 p.m মিল বিতরণ করা হবে। আরো তথ্যের জন্য, এখানে ক্লিক করুন।

MOSAIC সামার লার্নিং প্রোগ্রাম

আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে ডিস্ট্রিক্ট এই গ্রীষ্মে শিক্ষার্থীদের জন্য নতুন শিক্ষা প্রোগ্রাম আনবে। MOSAIC সামার লার্নিং প্রোগ্রামে যে সব শেখার বিষয় পিছিয়ে আছে এবং শেখা যায়নি তা শেখার সুযোগ এতে থাকবে। MOSAIC প্রোগ্রামগুলোতে সাক্ষরতা এবং গণিতের ভিত্তি দক্ষতা, ভাষা অধিগ্রহণ, ক্রেডিট পুনরুদ্ধার বা ত্বরণ, STEM/STEAM, সামার ব্রিজ এবং এনরিচমেন্ট ক্যাম্প অন্তর্ভুক্ত রয়েছে। পাঠ্যক্রমটি 2021 সালের জুন এবং জুলাইতে অর্থবহ শিক্ষার অভিজ্ঞতার জন্য এবং শিক্ষার্থীদের শেখার ফাঁকগুলি দূর করার উদ্দেশ্যে উদ্দেশ্যমূলক, লক্ষ্যযুক্ত সহায়তা প্রদানের জন্য তৈরি করা হয়েছে।

প্রোগ্রামগুলোর জন্য খরচ লাগবে না, তবে, যদি কোনো হাই স্কুলের শিক্ষার্থী Georgia Virtual School বা অন্যান্য স্বীকৃত সত্তার মাধ্যমে কোর্স করে, তবে অবশ্যই কোর্স ফি দিতে হবে। ডিস্ট্রিক্ট চায় যে সকল শিক্ষার্থীদের সমৃদ্ধকরণের জন্য তৈরি করা প্রোগ্রামটির সদ্ব্যবহার করুক।

আরো তথ্য শীঘ্রই দেয়া হবে।

টাউন হল

আমাদের সাম্প্রতিক ভার্চুয়াল টাউন হল দেখেছেন এবং অংশ নিয়েছেন এমন বাবা-মা এবং শিক্ষকদের সবাইকে ধন্যবাদ। যেহেতু আমরা ডিস্ট্রিক্ট পুনরায় খোলার পরিকল্পনা সম্পর্কে বিশদ সরবরাহ করেছি তাই আপনার মতামত প্রয়োজন। যদি আপনি টাউন হলে অনুপস্থিত থেকে থাকেন, তাহলে তা দেখতে এখানে ক্লিক করুন।

সুপারিনটেনডেন্টের কমিউনিটি অ্যাডভাইজরি কাউন্সিল

আমি এই সপ্তাহে আমাদের দলের সাথে সাক্ষাতের জন্য আমাদের কমিউনিটি পার্টনারদের এবং সুপারিনটেনডেন্টের কমিউনিটি অ্যাডভাইজরি কাউন্সিলকে (Superintendent’s Community

Advisory Council, SCAC) ধন্যবাদ জানাতে চাই। SCAC-এর লক্ষ্য হল ডিস্ট্রিক্টের একাডেমিক, পরিচালনা ও আর্থিক সুস্থতার বিষয়ে সুপারিন্টেন্ডেন্টকে সহায়তা, নির্দেশনা এবং নেতৃত্ব প্রদান করা।

এই সহযোগিতাটি ডিস্ট্রিক্টের পক্ষে গুরুত্বপূর্ণ। সকল অংশীদারদের মধ্যে কমিউনিটি সম্পৃক্ততা এবং অংশগ্রহণ একটি সফল স্কুল ডিস্ট্রিক্টের চাবিকাঠি।

কোভিড-19 সাপ্লাই কিট দান

Peachcrest Elementary School-এ DeKalb Association of REALTORS-এর দানের জন্য আমি ধন্যবাদ দিতে চাই। সংস্থাটি পরিষ্কার ও নিরাপদ শ্রেণিকক্ষ রক্ষণাবেক্ষণের জন্য শিক্ষকদের 50টি কোভিড-19 সাপ্লাই কিট দান করেছে। এতে ওয়াইপ, হ্যান্ড স্যানিটাইজার, ফেস মাস্ক, ফেস শিল্ড ও লাইজল রয়েছে। DeKalb Association of REALTORS বেশ কয়েক বছর ধরে DCSD-এর সাথে অংশীদারিত্ব করেছে এবং আমরা সেই অংশীদারিত্বের জন্য কৃতজ্ঞ।

আমি আশা করি যে আমরা এই কমিউনিটি হিসাবে বিশ্বব্যাপী মহামারীর অবসান ঘটাতে এবং এর পরবর্তী সম্ভাব্য প্রভাবের পথে আমরা একটি কমিউনিটি হিসাবে একে অপরের প্রতি সহৃদয়তা প্রকাশ করব এবং একে অপরের পাশে থাকব।

বিনীত,

Mrs. Cheryl Watson-Harris